দৈনিক

26 MAY

# উত্তরায় দু'টি বেসরকারি ভার্সিটির ছাত্রদের মধ্যে সংঘর্ষ ॥ আহত ১২

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর উত্তরায় রবিবার সকালে এক ছাত্র আহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে ১১টায় শান্তা ম্যারিয়াম ইউনিভার্সিটি ও এশিয়ান ইউনিভার্সিটির ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। এতে ১২ ছাত্র আহত হয়। সংঘর্ষ চলাকালে শান্তা ম্যারিয়াম ইউনিভার্সিটির বিক্ষুব্ধ একদল ছাত্র লাঠি-সোটা, হকিস্টিক ও লোহার রড হাতে এশিয়ান ইউনিভার্সিটির ক্যাম্পাসে ঢুকে কয়েকটি কক্ষ ভাংচুর ও তছনছ এবং আগুন ধরিয়ে দেয়। উভয় পক্ষের ধাওয়া পাল্টা ধাওয়ায় ময়মনসিংহ মহাসড়কে দুই ঘন্টার জন্য যান চলাচল বন্ধ হয়ে যায়। রাস্তার উভয় পাশে সৃষ্টি হয় তীব্র যানজট। পরে পুলিশ ঘটনাস্থলে এসে সংঘর্ষের এক ঘন্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, এক ছাত্রীকে উত্ত্যক্ত করার ঘটনার জের ধরে শনিবার শান্তা ম্যারিয়াম ইউনিভার্সিটির ছাত্র রেজাউলের উপর এশিয়ান ইউনিভার্সিটির ছাত্ররা হামলা চালায়। তাকে মুমূর্ষু অবস্থায় রাজধানীর সেন্ট্রাল হাসপাতালে ভর্তি করা হয়, রবিবার তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ শত শত ছাত্র এশিয়ান ইউনিভার্সিটিতে ভাংচুর ও তান্ডব চালায়। এতে মাহমুদ, রাব্বি, তুহিন, তুষার, মান্নাসহ ১২ জন গুরুতর আহত হয়। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে মামলা হয়েছে।